

২০ Report

জাতীয় বিশ্ববিদ্যালয়

বহুল আলোচিত ইংরেজী অনার্স পার্ট-২ পরীক্ষা ফের অনুষ্ঠিত হচ্ছে ii পরীক্ষার্থীরা উদ্বিগ্ন

গাজীপুর, ২৭ জানুয়ারি, নিজস্ব সংবাদদাতা। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ব্যাপক আয়োজিত অনার্স পার্ট-২ শাখার ইংরেজী পরীক্ষা তৃতীয়বারের মতো নির্ধারিত তারিখ মঙ্গল ও বুধবার অনুষ্ঠিত হতে যাচ্ছে। প্রশ্নপত্র ফীসের ঘটনায় গঠিত তদন্ত কমিটি রবিবার পর্যন্ত রিপোর্ট জমা না দিলেও সোমবার জমা দেয়ার সম্ভাবনা রয়েছে। বার বার প্রশ্নপত্র ফীসের ঘটনায় পরীক্ষার্থী ও অভিভাবকদের মাঝে হতাশার সৃষ্টি হয়েছে।

(১২-এর পাতার পর)

বহুল আলোচিত

সৃষ্টি হয়েছে। নতুন ও পুরনো সিলেবাস অনুযায়ী আগামী মঙ্গল ও বুধবার অনার্স পার্ট-২ শাখার ইংরেজী পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। প্রশ্নপত্র ফীসের অভিযোগ উত্থাপিত হওয়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত ১২ ও ১৩ জানুয়ারি পরীক্ষা স্থগিত করে নতুন তারিখ মঙ্গল ও বুধবার (২৯ ও ৩০ জানুয়ারি) ঘোষণা করে। ইংরেজী পরীক্ষার প্রশ্নপত্র ফীসের ঘটনা তদন্তের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত ১২ জানুয়ারি সিডিকট সদস্য ছাত্রদের প্রতিষ্ঠাতা সর্ভস্বর্তি প্রধান এনামুল করিম শহীদকে আহ্বান করে ও সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটির অন্য সদস্য হলেন- জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেন ও অভ্যন্তরীণ নিরীক্ষা দফতরের উপ-পরিচালক মোস্তা মাহফুজ আল হোসেন। ১০ দিনের মধ্যে তদন্ত কমিটির রিপোর্ট জমা দেয়ার কথা থাকলেও গতকাল রবিবার পর্যন্ত তা জমা দেয়া হয়নি বলে জানা গেছে। ফলে প্রশ্নপত্র আদৌ ফীস হয়েছে কি না বা ফীস হলে কিস্তাবে হয়েছে এবং কারা এর সঙ্গে জড়িত সে সকল তথ্য এখনও অজানা রয়ে গেছে। তাছাড়া তদন্ত কমিটিতে পরীক্ষা শাখার কোন উর্ধ্বতন কর্মকর্তা অথবা মাইবের অভিজ্ঞ কোন প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তাকে রাখা হয়নি। এ ছাড়াও মাত্র একজন শাখা কর্মকর্তা বাসে অনার্স পার্ট-২ শাখার অল্প প্রায় সকল জনবলকে ব-স্থানে বহাল রাখায় তদন্ত কার্যক্রম দ্বিগুণে পরীক্ষার্থী ও অভিভাবকদের মাঝে প্রশ্ন দেখা দিয়েছে। এ অবস্থায় আগামী মঙ্গল ও বুধবার ইংরেজী পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। ইতোপূর্বে গত ১১ ও ২৬ নবেম্বর ওই পরীক্ষা অনুষ্ঠিত হলেও একই অভিযোগে তা বাতিল করা হয়। এ ঘটনায়ও ও সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত শেষে কমিটি রিপোর্ট পেশ করলেও কর্তৃপক্ষ এ ব্যাপারে উল্লেখযোগ্য ভেদন কোন পদক্ষেপ গ্রহণ করেননি। ফলে বার বার প্রশ্নপত্র ফীসের ঘটনায় পরীক্ষার্থীদের মাঝে হতাশার সৃষ্টি হচ্ছে। বাড়ছে সেশন জট। সেই সঙ্গে পরীক্ষার্থীদের অর্থনৈতিক কঠির সম্মুখীন হতে হচ্ছে। এদিকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর সৈয়দ রাশিদুল হাসান জানান, ইংরেজী পরীক্ষা স্থগিতের ঘটনায় গঠিত তদন্ত কমিটি আজ (সোমবার) রিপোর্ট দাখিলের কথা রয়েছে। দাবিযের পর এই রিপোর্ট বিশ্ববিদ্যালয়ের পরবর্তী সিডিকট সভায় উপস্থাপন করা হবে।

সংবাদিক